

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৪.০০৬.২০১৯/৪১৪

তারিখ: ২৪/০৮/২০২৩ খ্রি:।

বিষয়: বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অনুকূলে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর মজুদ হতে Beer/Liquor আইটেম সরবরাহের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর পত্র নং-৩০.৩৪.০০০০.০৪৬.০০০.০১.২৩/২৩০, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের মাধ্যমে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. আগামী ১লা সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ হতে শুরু হতে যাওয়া বাংলাদেশ বিমানের Dhaka-Narita ফ্লাইটের জন্য চাহিদাকৃত Beer/Liquor আইটেম বাংলাদেশ পর্যটন কর্পোরেশন থেকে বন্ড সুবিধায় নির্ধারিত বিক্রয়মূল্যে সংগ্রহ করে ব্যবহার করার জন্য অনুমতি চাওয়া হয়েছে। আবেদনটি পর্যালোচনাক্রমে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাপ্যতার বিষয়টি প্রক্রিয়াধীন এবং বিবেচ্য ফ্লাইটে চালুর পূর্বে সময়ের স্বল্পতার বিষয়টি বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. কে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন হতে বন্ড সুবিধায় Beer/Liquor জাতীয় পণ্য আমদানির অনুমতির প্রদানে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করছে:

শর্তসমূহ:

- ক) The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-100, 101 এবং 102 এর বিধানসমূহ প্রতিপালন করতে হবে।
- খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. কর্তৃক বাংলাদেশ পর্যটন কর্পোরেশন হতে গৃহীত পণ্যের বিবরণ, সংখ্যা ও মূল্য সংবলিত তথ্য সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট বরাবরে মাসিক ভিত্তিতে দাখিল করতে হবে। বন্ড কমিশনারেট উক্ত বিবরণ যাচাই ও প্রত্যয়নপূর্বক প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে।
- গ) এ অনুমোদনের মাধ্যমে শুধুমাত্র Dhaka-Narita ফ্লাইটে সরবরাহের উদ্দেশ্যে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন হতে Beer/Liquor ক্রয় করা যাবে।
- ঘ) বাংলাদেশ পর্যটন কর্পোরেশন হতে গৃহীত পণ্যমূল্যের সমপরিমাণমূল্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি. এর পরবর্তী প্রাপ্যতাসমূহ হতে সমন্বয়/বিয়োজন করা হবে।
- ঙ) এ অনুমোদনপত্রের কার্যকারিতা পত্র জারির তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য প্রযোজ্য হবে।

স্বঃ

(নাজমুন নাহার)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড,
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।


[দৃষ্টি আকর্ষণ: পরিচালক (যুগ্ম সচিব), প্রকিউরমেন্ট এন্ড লজিস্টিক সাপোর্ট পরিদপ্তর (অতিরিক্ত দায়িত্ব),
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।]

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৪.০০৬.১৯/৪১৪(৭)

তারিখ: ২৪/০৮/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, পর্যটন ভবন, প্লট-ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২-৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ)।
- ৪। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
- ৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৬। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮-৯। অফিস কপি/গার্ড কপি।



(নাজমুন নাহার) ২৪/০৮/২৩

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com